গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সমন্বয়ে ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | যুগ্মসচিব (প্রশাসন) |
| তারিখ | : | ২৩.১২.২০২৪ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। যুগ্মসচিব, জনাব মোহাম্মদ গোলাম আজম সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও নিয়মিত হালনাগাদের বিষয়ে ২০২৪-২৫ অর্থবছরে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা এবং লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে করণীয় নির্ধারণের উদ্দেশ্যে এ সভা আহবান করা হয়েছে। এ পর্যায়ে তিনি সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুসারে সভার কার্যক্রম এগিয়ে নেওয়ার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর আওতাধীন কার্যক্রমসমূহের কর্মসম্পাদন সূচক স্পষ্টীকরণের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ হতে সূচকের মান নির্ণয়ের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন সভা আয়োজন, সিটিজেন চার্টার হালনাগাদকরণ, কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন সম্পর্কে অধিদপ্তর/ দপ্তর/সংস্থার ফোকাল কর্মকর্তাগণকে অবহিত করেন এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

২। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: অধিদপ্তর/দপ্তর/সংস্থা:-

| কার্যক্রমের ক্ষেত্র | কার্যক্রম | বাস্তবায়ন |
|---|---|---|
| প্রাতিষ্ঠানিক কার্যক্রম | [১.১] ত্রৈমাসিকভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন। | মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম শীর্ষক অনলাইন সফটওয়্যারটির কার্যক্রম চলমান না থাকায় ত্রৈমাসিকভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা বক্সে উপস্থাপন করা সম্ভব হয়নি। |
| | [১.২] ত্রৈমাসিকভিত্তিতে আওতাধীন দপ্তর/ সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ। | ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/ সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিত করা হয়। |
| বাস্তবায়ন সক্ষমতা উন্নয়ণ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে সভা আয়োজন। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করা হয়। |
| | [২.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/ সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/ প্রশিক্ষণ/সেমিনার আয়োজন। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২০২৪-২০২৫ অর্থবছরে ০৪.১২.২০২৪ এবং ১১.১২.২০২৪ তারিখে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ গোলাম আজম)
যুগ্মসচিব (বাজেট)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং: ১৫.০০.০০০০.০১৪.১৮.০০৮.২৪. 2850/১(৭৭)

তারিখ: ১৪ পৌষ ১৪৩১ / ২৯ ডিসেম্বর ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধান, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (দৃ:আ: সিটিজেন চার্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তা)।
২. সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. যুগ্মসচিব (প্রশাসন) / (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৯/১২/২৪
(শাহেদ মোস্তফা)
উপসচিব (প্রশাসন-১)

D:\ADMIN-1\Cabinet\Citizen Charter\Citizens Minutes.doc52